



সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

সূত্র নং- এসইসি/মুখপাত্র/২০১১/৪৯১

তারিখঃ ২০/০৯/২০১২ইং

প্রেস বিজ্ঞপ্তি


সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানান যাচ্ছে যে, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন যে সমস্ত সংবাদ পরিবেশন করে তা কমিশনের মুখপাত্র কর্তৃক স্বাক্ষরিত হয়ে প্রেস বিজ্ঞপ্তি আকারে কমিশনের ওয়েব সাইটে প্রকাশ করা হয়।

ইদানিংকালে লক্ষ্য করা যাচ্ছে যে, ইন্টারনেট ও ওয়েব-বেইজড সংবাদ মাধ্যমসহ কিছু কিছু ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় পুঁজিবাজার সংক্রান্ত বিভিন্ন বিষয়ে কমিশনকে সংশ্লিষ্ট করে সংবাদ প্রকাশ করা হচ্ছে। এই সমস্ত প্রকাশিত সংবাদের সাথে কমিশনের কোন সংশ্লিষ্টতা নেই। এই ধরনের সংবাদ অনেক সময় জনমনে বিভ্রান্তির সৃষ্টি করে এবং পুঁজিবাজারে নেতিবাচক প্রভাবও ফেলে।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন সংক্রান্ত যে কোন সংবাদ প্রকাশিত হলে উক্ত সংবাদ কমিশন কর্তৃক প্রকাশিত কিনা তা কমিশনের ওয়েব সাইটে প্রকাশিত তথ্য বিবরণীর সাথে মিলিয়ে দেখা যেতে পারে।

ভবিষ্যতেও কমিশন যখনই কোন তথ্য প্রকাশ করবে তা একইভাবে অর্থাৎ মুখপাত্র কর্তৃক স্বাক্ষরিত হয়ে কমিশনের ওয়েব সাইটে দেয়া হবে। সুতরাং বিষয়টির প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

এছাড়াও লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ওয়েব সাইট ও ফেসবুক লিংকের মাধ্যমে অর্থের বিনিময়ে বিভিন্ন সিকিউরিটিজের মূল্য সংবেদনশীল তথ্য আদান-প্রদান করে থাকে এবং বিভিন্ন গুজব প্রকাশ করা হয়। যা সিকিউরিটিজ আইন পরিপন্থী এবং স্থিতিশীল পুঁজিবাজার এর জন্য ক্ষতিকর। এক্ষেত্রে ফেসবুক কিংবা অন্য কোন অসমর্থিত সূত্র থেকে তথ্য সংগ্রহ করে বিনিয়োগ করা হলে তার দায়-দায়িত্ব বিনিয়োগকারীর উপর বর্তায় এবং আর্থিক ক্ষতির সমূহ সম্ভাবনা থাকে। সুতরাং ফেসবুক বা অন্য কোন অসমর্থিত সূত্র থেকে তথ্য সংগ্রহের মাধ্যমে বিনিয়োগের ব্যাপারে বিনিয়োগকারীদের সতর্কতা অবলম্বন করা অত্যন্ত জরুরী। ইতিপূর্বে ফেসবুকের মাধ্যমে বিনিয়োগকারীদেরকে প্রলোভিত করার জন্য আইন শৃংখলা বাহিনীর সহায়তায় কমিশন কিছু ব্যক্তির বিরুদ্ধে ফৌজদারী ব্যবস্থা গ্রহণ করেছে। যে বা যারা এই সমস্ত লিংকের মাধ্যমে বিভ্রান্তির সৃষ্টি ও পুঁজিবাজার সংশ্লিষ্ট তথ্য আদান-প্রদান করছেন তাঁদেরকে কমিশন সতর্ক করেছে এবং ভবিষ্যতে একই ধরনের কার্যের জন্য কমিশন আইনানুগ কঠোর পদক্ষেপ গ্রহণ করবে।


২০/০৯/২০১২
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র